

# Whole Farm Management- Fodder Cultivation

## ফড়ার বা ঘাসচাষ প্রয়োজনীয় পরামর্শ ও কৌশল

### ❌ যা করা যাবে না (প্রচলিত পদ্ধতি)

- ❌ মাটির পিএইচ (pH) না মেপেই জমি চাষ করা।
- ❌ জমির আগাছা ও শস্য গাছের অবশিষ্ট অংশ জমি থেকে শ্রমিক দিয়ে বের করা এবং পুড়িয়ে ফেলা।  
ঘাস চাষের জন্য প্রচুর রাসায়নিক সার ব্যবহার করা।
- ❌ অজানা উৎস থেকে ঘাসের বীজ সংগ্রহ করা।
- ❌ কখনই মাটির গুনাগুন বৃদ্ধি জন্য ট্রিটমেন্ট না করা।
- ❌ মাটিতে কেচো থাকার ব্যবস্থা না করা।
- ❌ ফুল আসার পর ঘাস কাটার ব্যবস্থা করা।

### ✅ যা করতে হবে (সঠিক পদ্ধতি)

- ✅ জমি চাষের পূর্বে অবশ্যই মাটির পিএইচ (pH) মাপতে হবে ঘাস চাষের জন্য মাটির পিএইচ কমপক্ষে ৬.৮ থাকতে হবে।
- ✅ জমির সকল আগাছা ও শস্যগাছের অবশিষ্ট মাটির সঙ্গে মিশে দিয়ে জমি চাষ করা।
- ✅ রাসায়নিক সার কমিয়ে পর্যাপ্ত কমপোস্ট ব্যবহার করা।
- ✅ জানা উৎস থেকে ঘাসের বীজ সংগ্রহ করা।
- ✅ মাটির গুনাগুন বৃদ্ধি জন্য ডলোচুন দিয়ে মাটি ট্রিটমেন্ট করা।
- ✅ কেচো বাস করে এমন পরিবেশ তৈরী করা।
- ✅ ফুল আসার সাথে সাথে ঘাস কাটার ব্যবস্থা করা।



উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল

চৌদ্দগ্রাম, কুমিল্লা।



# Whole Farm Management- Nutrition

## গাভীর পুষ্টি উন্নয়ন সংক্রান্ত পরামর্শ ও কৌশল

### ❌ যা করা যাবে না (প্রচলিত পদ্ধতি)

- ❌ গাভীকে দিনে ২-৩ বার পানি খাওয়ার ব্যবস্থা।
- ❌ অনুমান করে গাভীর পুষ্টি চাহিদার হিসাব করা।
- ❌ দানাদার খাদ্য পানির সাথে মিশে ভিজা খাদ্য গাভীকে প্রদান করা।
- ❌ খড়/বিচালী কে গাভীর প্রধান খাদ্য বিবেচনা করা।
- ❌ গাভীর ভাত খাওয়ানোর অভ্যাস করা।
- ❌ ঘাস ও খড় ছোট ছোট আকারে না কেটে দেওয়া।
- ❌ দুধ উৎপাদন ও দৈনিক খরচের হিসাব না রাখা।

### ✅ যা করতে হবে (সঠিক পদ্ধতি)

- ✅ গাভীকে ২৪ ঘন্টা অব্যাহত পানি খাওয়ানোর ব্যবস্থা করা।
- ✅ এনার্জি ও প্রোটিনের চাহিদার ভিত্তিতে পুষ্টি হিসাব করা।
- ✅ দানাদার ও সবুজ ঘাস/খড় একত্রে মিশে শুকনা খাদ্য গাভীকে প্রদান করা।
- ✅ সবুজ ঘাস গাভীর প্রধান খাদ্য বিবেচনা করা। খড় কে কেবলমাত্র পেট ভরানো জন্য বিবেচনা করা যেতে পারে।
- ✅ দুধালো গাভী ও বকনাকে ভাত থেকে বিবত রাখা।
- ✅ সবুজ ঘাস ও খড় ১ ইঞ্চি সাইজ করে কেটে খাওয়ান।
- ✅ দৈনিক প্রতিটি খরচ ও দুধ উৎপাদনের হিসাব রাখা।



উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল

চৌদ্দগ্রাম, কুমিল্লা।

